

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

গত ১৫.০৫.২০১৭ তারিখে 'জাতীয় রাজস্ব ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
তারিখ : ১৫.০৫.২০১৭ খ্রিঃ
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ	নাম	পদবী	দপ্তর
০১।	জনাব মোঃ সুলতান উল ইসলাম চৌধুরী	অতিরিক্ত সচিব	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০২।	জনাব মোঃ আবদুর রউফ	অতিরিক্ত সচিব (বাজেট ও কর)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০৩।	জনাব মোঃ আবদুর রাজ্জাক	সদস্য, এনবিআর ও প্রকল্প পরিচালক	জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প
০৪।	জনাব মোঃ আমিনুল বর চৌধুরী	যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০৫।	মোঃ রেজাউল করিম চৌধুরী	কর কমিশনার, এনবিআর ও সমন্বয়ক	জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প
০৬।	জনাব মোঃ শাহীন মিয়া	নির্বাহী প্রকৌশলী, শের-ই-বাংলানগর বিভাগ	গণপূর্ত অধিদপ্তর
০৭।	জনাব শেখর চন্দ্র বিশ্বাস	নির্বাহী প্রকৌশলী, ই/এম কারখানা বিভাগ	গণপূর্ত অধিদপ্তর
০৮।	জনাব মোঃ আব্দুল আশের	সিনিয়র সহকারী প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

৩.০ উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কর্মপত্র উপস্থাপন করে বলেন, জাতীয় রাজস্ব বোর্ডের নিজস্ব কোনো ভবন না থাকায় সম্পূর্ণভাবে বাংলাদেশ সরকারের (জিওবি) অনুদানে মোট ১৪১৩৬.০০ লক্ষ (একশত একচল্লিশ কোটি ছত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০০৯ হতে ডিসেম্বর ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৪.১১.২০০৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় আলোচ্য প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের মাধ্যমে ২০ (বিশ) তলা ভিত্তির ওপর ১২ (বার) তলার একটি টাওয়ার ভবন নির্মাণের সংস্থান ছিলো।

৩.১ গত ২৫.০৬.২০১০ তারিখে মাননীয় অর্থমন্ত্রীর বাসভবনে তাঁর সভাপতিত্বে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় এনবিআর-এর চেয়ারম্যান, অর্থ সচিব, প্রকল্প পরিচালক, প্রধান প্রকৌশলী ও প্রধান স্থপতিসহ সংশ্লিষ্ট নীতি নির্ধারণকরণ উপস্থিত ছিলেন। সভায় অর্থসচিব মহোদয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে মাননীয় অর্থমন্ত্রী দৃষ্টিনন্দন, যুগপোযোগী ও সর্বাধুনিক সুবিধা সম্বলিত রাজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে উপস্থাপিত স্থাপত্য মডেলের নকশা আরো উন্নত করার লক্ষ্যে ভবনে কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদি সংযোজন করার নির্দেশনা প্রদান করেন।

৩.২ এ পরিপ্রেক্ষিতে গত ২৪.০৬.২০১১ তারিখে রাজধানীর আগারগাঁও-এ প্রকল্পের জন্য বরাদ্দ প্রাপ্ত ২.০০ একর জমির "এফ-১এ" প্লটে মাটি কাটার কাজের উদ্বোধন করা হয় এবং ২৫০টি শোর পাইলিং করার পর জম্বৈক ইমামুল হকের আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট জমিতে স্থিতাবস্থার আদেশ দেন। ২৭.০২.২০১৪ তারিখে স্থিতাদেশ প্রত্যাহার হওয়ায় ০৫.০৩.২০১৪ তারিখে প্রকল্প স্থানের দখলী স্বত্ব নেয়া হয়।

৩.৩ ১৭.০২.২০১৫ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, এনবিআর এর সভাপতিত্বে "রাজস্ব ভবন-১ ও রাজস্ব ভবন-২ এবং কর ভবন, চট্টগ্রাম এর পর্যালোচনা" শীর্ষক একটি সভা এনবিআর-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পিডব্লিউডি'র প্রধান প্রকৌশলী শের-ই-বাংলানগর এলাকায় জমির বাজার মূল্য ও দুস্প্রাপ্যতার নিরিখে জাতীয় রাজস্ব ভবনটি ৪০ (চল্লিশ) বা ততোধিক তলা নির্মাণের পরামর্শ দেন। সভায় তাঁর প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

৩.৪ পরবর্তিতে ১৮.০৩.২০১৫ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, এনবিআর এর সভাপতিত্বে "জাতীয় রাজস্ব ভবন নির্মাণ" প্রকল্পের স্টিয়ারিং কমিটির একটি সভা এনবিআর-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা ও ইতোমধ্যে ব্যয়িত অর্থের অপচয় রোধ ইত্যাদি সার্বিক বিবেচনায় গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগ ভবনটি ৩০ (ত্রিশ) তলা করার পক্ষে মতামত ব্যক্ত করে। ফলে, সভায় মাননীয় অর্থমন্ত্রীরকে বিস্তারিত অবহিত করে অনুমোদিত প্রকল্পের ২০ (বিশ) তলার পরিবর্তে ৩০ (ত্রিশ) তলা ভবন নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।